# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

*(পেট্রোবাংলার একটি কোম্পানী)*

প্লট নং-এফ, ১৮/এ, শের-ই-বাংলানগর, প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকা-১২০৭।

বিষয়ঃ ২৬-০৬-২০২২ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিম সভার কার্যবিবরণী।

সভাপতি : পরিচালক (অপারেশন), জিটিসিএল ও আহ্বায়ক, ইনোভেশন টিম।

সভার তারিখ : ২৬-০৬-২০২২

সভার সময় : সকাল ১১:০০ ঘটিকা

স্থান : পরিচালক (অপারেশন)-এর দপ্তর (লেভেল-৬), জিটিসিএল।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** হিসেবে সংযুক্ত।

১। ভূমিকাঃ

জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান সহজীকরণ পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে প্রশাসন বিভাগের অফিস আদেশ নং- ৬৩/২০১৫ ও সূত্র নং- ২৮.১৪.০০০০.১০৮.০৯.০২৩.১৫.৪০১; তারিখঃ ০৪-০৬-২০১৫ এবং অফিস আদেশ নং-২১/২০১৬ ও সূত্র নং-২৮.১৪.০০০০.১০৮.০৯.০০৫.১৬.৮২; তারিখঃ ২৮-০১-২০১৬ এর মাধ্যমে জিটিসিএল কর্তৃক গঠিত ইনোভেশন টিমের একটি সভা পরিচালক (অপারেশন), জিটিসিএল ও আহ্বায়ক, ইনোভেশন টিমের সভাপতিত্বে গত ২৬-০৬-২০২২ তারিখে কোম্পানির প্রধান কার্যালয়ে পরিচালক (অপারেশন)-এর দপ্তরে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ইনোভেশন টিমের সকল সদস্য উপস্থিত ছিলেন।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপ-মহাব্যবস্থাপক (আইসিটি), জিটিসিএল ও ইনোভেশন টিমের সদস্য-সচিব-কে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় ২০১৬ হতে ২০২২ পর্যন্ত বাস্তবায়িত ইনোভেশন কার্যক্রমসমূহের বর্তমান অবস্থা সম্পর্কে আলোচনা করার জন্য অনুরোধ করেন। আলোচনায় নিম্নলিখিত বিষয়ের প্রতি আলোকপাত করা হয়ঃ

ক) ওয়েবসাইট ডেভেলপমেন্ট (২০১৬-২০১৭);

খ) অনলাইন ইনভেন্টরী ম্যানেজমেন্ট সিস্টেম চালু (২০১৭-২০১৮) ;

গ) বিভাগ ও ডিপার্টমেন্টের অবস্থান সম্বলিত ডিজিটাল ডিসপ্লে বোর্ড (২০১৮-২০১৯);

ঘ) Public Addressing System (PA System) বাস্তবায়ন (২০১৯-২০২০);

ঙ) জিটিসিএল প্রধান কার্যালয়ের নিরাপত্তা জোরদারকরণ ও কাজের পরিবেশ উন্নীত করণের লক্ষ্যে IP Camera System স্থাপন (২০২০-২০২১);

চ) জিটিসিএল এর বিদ্যমান পাইপলাইনসমূহের নিরাপত্তা নিশ্চিতকরণে পেট্রোলম্যানদের যথাযথভাবে তদারকিকরণের লক্ষ্যে জিপিএস ট্র্যাকিং/এসেট ট্র্যাকিং সিস্টেম বাস্তবায়ন (২০২১-২০২২);

২। আলোচনাঃ

২.১। ওয়েবসাইট ডেভেলপমেন্ট (২০১৬-২০১৭):

২০১৬-১৭ অর্থবছরে উদ্ভাবনী উদ্যোগের আওতায় জিটিসিএল এর বিদ্যমান ওয়েবসাইট (gtcl.org.bd) ডায়নামিক, রেস্পন্সিভ এবং ইন্টার‍্যাক্টিভ ফিচারসহ আধুনিকায়ন এবং উন্নয়ন এর লক্ষ্যে RFQ পদ্ধতিতে নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্ঠান Brain Station-23 Ltd.কর্তৃক নতুন ওয়েবসাইট ডেভেলপ করা হয় ও Link3 Technologies Ltd কর্তৃক হোস্ট করা হয়, যা ২০১৭ সাল হতে আইসিটি ডিপার্টমেন্ট কর্তৃক পরিচালিত হয়েছে। সম্প্রতি ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক আইসিটি ডিপার্টমেন্ট কর্তৃক এটুআই প্রকল্পের 'জাতীয় তথ্য বাতায়ন' এর প্রচলিত ফ্রেমওয়ার্কে জিটিসিএল এর নতুন অফিসিয়াল ওয়েবসাইট (gtcl.org.bd) প্রস্তুত সম্পন্ন হয়েছে এবং আইসিটি ডিপার্টমেন্ট কর্তৃক সফলভাবে পরিচালিত হচ্ছে।

২.২। **অনলাইন ইনভেন্টরী ম্যানেজমেন্ট সিস্টেম চালু (২০১৭-২০১৮):**

ERP/EAM Software এর আওতায় Material Management Module এর মাধ্যমে জিটিসিএল-এ অনলাইন ইনভেন্টরী ম্যানেজমেন্ট সিস্টেম চালু করা হয়েছে। বর্তমানে জিটিসিএল এ সকল ধরণের মালামাল ক্রয়, হিসাবরক্ষণ, অধিযাচন, পুরাতন মালামাল স্টোরে ফেরত প্রদান সহ সকল কার্যক্রম অনলাইনে ERP/EAM Software এর মাধ্যমে সম্পাদন করা হচ্ছে।

২.৩। **বিভাগ ও ডিপার্টমেন্টের অবস্থান সম্বলিত Digital Display Board স্থাপন (২০১৮-২০১৯):**

২০১৮-১৯ অর্থবছরে উদ্ভাবনী উদ্যোগের আওতায় প্রধান কার্যালয়ের গ্রাউন্ড ফ্লোরে প্রবেশ পথে দৃষ্টিনন্দন স্ক্রিনে সকল দপ্তরের অবস্থান, কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ বিভাগ ও ডিপার্টমেন্টের গুরুত্বপূর্ন কর্মকর্তাদের ছবি, নাম ও পদবীসহ অফিস কক্ষের নির্দেশনা ও বাস্তবায়িত/বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের তালিকা সম্বলিত একটি ডিজিটাল দপ্তর বন্টন নির্দেশক (Digital Display Board/Dashboard) স্থাপন করা হয়েছে। ইহা একটি Windows base Application যা Admin Panel-এর সহযোগীতায় internet/LAN-এর মাধ্যমে প্রদর্শিত তথ্য হালনাগাদ করা যায়। Dashboard এর জন্য ব্যবহৃত Application এর মাধ্যমে সেবা গ্রহীতা সহজে নির্দিষ্ট কর্মকর্তার অবস্থান জানতে পারছেন ও তার নিকট হতে সেবা গ্রহণ করতে পারছেন। ২০১৯ সাল হতে Dashboard এর জন্য ব্যবহৃত Application টি পূর্বতন ওয়েবসাইটের সাথে (gtcl.org.bd এর Sub domain হিসেবে) Link3 Technologies Ltd কর্তৃক হোস্ট করা ছিল। বর্তমানে জিটিসিএল এর নতুন ওয়েবসাইট এটুআই প্রকল্পের 'জাতীয় তথ্য বাতায়ন' এর প্রচলিত ফ্রেমওয়ার্কে পরিবর্তিত হওয়ায় Dashboard এর জন্য ব্যবহৃত Application এর জন্য হোস্টিং চার্জ ব্যয় সাশ্রয়ের লক্ষ্যে আইসিটি ডিপার্টমেন্ট কর্তৃক একটি কম্পিউটারকে লোকাল হোস্টে configure পূর্বক Digital Display Board/Dashboard পরিচালিত হচ্ছে।

২.৪। **Public Addressing System (PA System) বাস্তবায়ন (২০১৯-২০২০):**

২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্ভুক্ত 'দপ্তর / সংস্থা কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন শীর্ষক কার্যক্রম হিসেবে জিটিসিএল কর্তৃক Public Address System বা PA System বাস্তবায়ন করা হয়েছে। উক্ত PA System এর মাধ্যমে কোম্পানির প্রধান কার্যালয় ভবনে দুর্ঘটনাকালীন সময়ে সৃষ্ট জরুরী অবস্থায় ভবন হতে নিরাপদ বহিঃর্গমনের নির্দেশনা প্রদান, যে কোন জরুরী অবস্থায় করণীয়, প্রতিরোধ এবং প্রতিকার প্রসঙ্গে নির্দেশনা প্রদান, False ফায়ার অ্যালার্ম সম্পর্কে অবহিতকরণ , প্রতিদিনের আজান প্রদান, প্রয়োজনে কর্মকর্তা ও কর্মচারিদের একত্রিত করণসহ জরুরি যে কোন প্রয়োজনে ঘোষনা প্রদান ইত্যাদি কার্যক্রম সম্পাদন করা হচ্ছে।

২.৫। **জিটিসিএল প্রধান কার্যালয়ের নিরাপত্তা জোরদারকরণ ও কাজের পরিবেশ উন্নীত করণের লক্ষ্যে IP Camera System স্থাপন (২০২০-২০২১):**

১৩ তলা বিশিষ্ট জিটিসিএল হেড অফিস ভবনে সর্বমোট ৩৩০ জন কর্মকর্তা কর্মরত আছেন। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় হতে ব্যবস্থাপক পদধারী কর্মকর্তাগণের জন্য স্ব স্ব কক্ষের ব্যবস্থা থাকলেও উপ-ব্যবস্থাপক হতে তদ্‌নিম্ন পদধারী কর্মকর্তাগণের জন্য উন্মুক্ত স্থানে অফিস ডেস্ক সেটআপ করা হয়েছে। ফলে উক্ত কর্মকর্তাদের ব্যবহার্য কম্পিউটার, ফটোকপি মেশিন, প্রিন্টার, স্ক্যানার, মনিটরসহ অন্যান্য অফিস ইকুইপমেন্টসমূহ ওপেন স্পেসে স্থাপন করা হয়। সম্প্রতি ভবনের অধিকাংশ ফ্লোরে উন্মুক্ত স্থানে অবস্থিত এই মূল্যবান অফিস সামগ্রী যেমনঃ ফটোকপি মেশিন, প্রিন্টার এর কার্ট্রিজ ইত্যাদি হারানোর প্রবনতা বৃদ্ধি পায়। ভবন নির্মাণের সময় শুধু ভবনের চারপাশে ও মূল ফটকে Analog Camera স্থাপন করা হয়েছিল। ২০২০-২১ অর্থবছরে উদ্ভাবনী সেবা হিসেবে ভবনের প্রতিটি ফ্লোরে IP Camera স্থাপনের ফলে কম্পিউটার, মনিটর, প্রিন্টার, ইউপিএস ও ফটোকপি মেশিনের কার্ট্রিজ চুরি/হারানো বন্ধ হয়েছে।

২.৬। **জিটিসিএল এর বিদ্যমান পাইপলাইনসমূহের নিরাপত্তা নিশ্চিতকরণে পেট্রোলম্যানদের যথাযথভাবে তদারকিকরণের লক্ষ্যে জিপিএস ট্র্যাকিং/এসেট ট্র্যাকিং সিস্টেম বাস্তবায়ন (২০২১-২০২২):**

জিটিসিএল এর বিদ্যমান পাইপলাইনসমূহের নিরাপত্তা নিশ্চিতকরণে পেট্রোলম্যানদের যথাযথভাবে তদারকিকরণের লক্ষ্যে জিপিএস ট্র্যাকিং/ এসেট ট্র্যাকিং সিস্টেম-এর পাইলটিং প্রকল্প বাস্তবায়ন গত ২৩-১১-২০২১ তারিখে সম্পন্ন হয়েছে। বর্তমানে সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট কর্তৃক বিকেবি-ডেমরা ও আনোয়ারা-ফৌজদারহাট গ্যাস ট্রান্সমিশন পাইপলাইন এর পেট্রোলিং কাজে নিয়োজিত পেট্রোলম্যানদের দৈনিক পেট্রোলিং কাজ জিপিএস ট্র্যাকিং/ এসেট ট্র্যাকিং ডিভাইস ব্যবহার করে Online মনিটরিং করা হচ্ছে।

৩। **সিদ্ধান্তঃ**

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় ইতিপূর্বে বাস্তবায়িত সকল ইনোভেশন প্রকল্প/কার্যক্রম সফলভাবে কাজ করছে কিনা তা ইনোভেশন টীম কর্তৃক পরিবীক্ষণ এবং পরবর্তীতে বাস্তবায়নযোগ্য নতুন নতুন ইনোভেটিভ আইডিয়া প্রদানের জন্য জিটিসিএল এর সকল কর্মকর্তা/কর্মচারীদের উৎসাহ প্রদান।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৬/৬/২০২২

(মোঃ জাহির উদ্দিন)
পরিচালক (অপারেশন), জিটিসিএল
ও চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম

বিতরণ: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)

১। সকল মহাব্যবস্থাপক/পরিচালক, জিটিসিএল।
২। সকল প্রকল্প পরিচালক, জিটিসিএল।
৩। সকল উপ-মহাব্যবস্থাপক, জিটিসিএল।
৪। ফোকাল পয়েন্ট/ সদস্য-সচিব (এনআইএস/জিআরএস/সিটিজেন চার্টার/ এপিএ কমিটি), জিটিসিএল

অনুলিপি:

১। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক-এর দপ্তর, জিটিসিএল।
২। অফিস কপি।